

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.১৮-৫৪১

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
সিজেএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০১৯-২০ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) "বিশেষ খোক বরাদ্দ (মাননীয় মন্ত্রী'র অভিপ্রায় অনুযায়ী)" উপ-খাত হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে ১ম-৪র্থ কিস্তিতে এককালীন অর্থ অবমুক্তি।

করোনা ভাইরাসের সংক্রমণ মোকাবেলা, ডেঞ্জু প্রতিরোধ (মশক নিধন) ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী চলতি ২০১৯-২০ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী "বিশেষ খোক বরাদ্দ (মাননীয় মন্ত্রী'র অভিপ্রায় অনুযায়ী)" উপ-খাত হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে ১ম-৪র্থ কিস্তিতে এককালীন নিয়মিত অর্থ অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্রমিক	সিটি কর্পোরেশনের নাম	প্রস্তাবিত বরাদ্দ
১.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	২.০০ (দুই) কোটি টাকা
২.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	২.০০ (দুই) কোটি টাকা
৩.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন	২.০০ (দুই) কোটি টাকা
৪.	গাজীপুর সিটি কর্পোরেশন	২.০০ (দুই) কোটি টাকা
৫.	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন	১.৫০ কোটি (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা
৬.	খুলনা সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
৭.	রাজশাহী সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
৮.	বরিশাল সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
৯.	সিলেট সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
১০.	কুমিল্লা সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
১১.	রংপুর সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
১২.	ময়মনসিংহ সিটি কর্পোরেশন	১.০০ (এক) কোটি টাকা
মোট		১৬.৫০ কোটি (ষোল কোটি পঞ্চাশ লক্ষ) টাকা

- ২। এ ব্যয় চলতি ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- ৩। অর্থ বিভাগের গত ১৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১-৩৬৫, ২০ জানুয়ারি ২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-২৫ নং স্মারক এবং ২৩ এপ্রিল ২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০২১.২০১৯.১৪১ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
 - অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
 - পরবর্তী কিস্তির অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।
- ৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এ ব্যয় করা যাবে না। অত্র মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

M. R. Rahman
২৪/০৫/২০২০

এ কে এম মিজানুর রহমান
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫


ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.১৮-৫৪১/১(২০)

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭
১৪ মে ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দু. আ. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা)
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৪. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
৬. মাননীয় মেয়র এর একান্ত সচিব, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ রাজশাহী/ খুলনা/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ ঢাকা উত্তর/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/নারায়ণগঞ্জ/ রংপুর/ কুমিল্লা/ গাজীপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।


২৪/০৫/২০২০
এ কে এম মিজানুর রহমান
উপসচিব